# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৯৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬. বালকদের কখন থেকে সালাতের নির্দেশ দিতে হবে?

باب مَتَى يُؤْمَرُ الْغُلاَمُ بِالصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، ـ يَعْنِي ابْنَ الطَّبَّاعِ ـ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ الرَّبِيعِ بْنِ سَبْرَةَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " مُرُوا الصَّبِيَّ بِالصَّلاَةِ إِذَا بَلَغَ سَبْعَ سِنِينَ وَإِذَا بَلَغَ عَشْرَ سِنِينَ فَاضْرِبُوهُ عَلَيْهَا " .

ـ حسن صحيح

বাংলা

৪৯৪। ’আবদুল মালিক ইবনু রাবী’ ইবনু সাবুরাহ্‌ থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শিশুর বয়স সাত বছর হলেই তাকে সালাত আদায়ের নির্দেশ দিবে এবং তার বয়স দশ বছর হয়ে গেলে (সালাত আদায় না করতে চাইলে) এজন্য তাকে প্রহার করবে।[1]

হাসান সহীহ।

## English

Narrated As-Saburah:

The Prophet (ﷺ) said: Command a boy to pray when he reaches the age of seven years. When he becomes ten years old, then beat him for prayer.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ বাচ্চাদের কখন সালাতের নির্দেশ দেয়া হবে, হাঃ ৪০৭, ইমাম তিরমিযী

বলেন, এ হাদীসটি হাসান সহীহ), দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ বাচ্চাদের কখন সালাতের নির্দেশ দেয়া হবে, হাঃ ১৪৩৯), আহমাদ (৩/৪০৪) ‘আবদুল মালিক ইবনু রাবীঈ ইবনু মসাবরাহ সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল মালেক ইবনুর রুবাই ইবনে সাবুরা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57812

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন